গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

নম্বর-০৫.৪৭.৪৯০৬.০০০.১১.১৫.২৬-৬১২

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) নিয়োজিত করণ বিজ্ঞপ্তি;

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে ভূরুঙ্গামারী উপজেলার তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

ক্রম	কাজের ধরন	অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য	আবেদনের যোগ্যতা	অযোগ্যতা	প্রয়োজনীয় ডকুমেন্টস
১.	Enumerator বা জরিপকারী	ক) নারী প্রার্থী ৫০% খ) স্নাতক / তদূর্ধ্ব ডিগ্রীধারী গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা	ক) ন্যূনতম এইচএসসি বা সমমান খ) বয়স: ১৮-৪০ বছর গ) ট্যাবলেট/ স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগোলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান ঙ) বাংলায় সাবলীল ভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম চ) শারীরিকভাবে সক্ষম ও দুর্গম চর এলাকায় কাজ করতে সম্মত	ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত	ক) জাতীয় পরিচয়পত্র খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।
২.	সুপারভাইজার (প্রতি ০৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন)	ক) প্রতিটি গণনা এলাকা শারীরিকভাবে পরিদর্শন খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check) গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা ঘ) ট্যাবলেট চার্জ, ডেটাসিংক ও অ্যাপ আপডেট	ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান খ) বয়স: ২৫-৪৫ বছর গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+ ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা।	ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত খ) সরকারি/আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত।	ক) জাতীয় পরিচয়পত্র খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।

০২। আবেদন ফরম প্রাপ্তির ও দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা অফিসের dss.bhurungamari.kurigram.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে; এবং অফিস চলাকালীন নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

আবেদন ফরম বিতরণ	আবেদন ফরম দাখিল	সম্ভাব্য ব্যবহারিক পরীক্ষার সময়	শর্তাবলি
২১-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত	২১-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ বেলা ৩.৩০ ঘটিকা পর্যন্ত	২৫/০৭/২০২৬ তারিখ বেলা ১১.০০ ঘটিকা	১) তথ্য সংগ্রহকারী গণশুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে। ২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে। ৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে। কোন ক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না। ৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না। ৫) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে; অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য। ৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক। ৭) ট্যাবলেট শুমারি শেষে অক্ষতভাবে প্রত্যাবর্তন করতে হবে। ৮) কোন পরিবার কে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ। ৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২১/০৭/২০২৬

(অমৃত দেব নাথ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

নম্বর: ০৫.৪৭.৪৯০৬.০০০.১০.০০১.২৬- ৪৭৫

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫ কুড়িগ্রাম ০১ ।
০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
০৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৮। সহকারী কমিশনার (ভূমি) ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৯। অফিসার ইনচার্জ, ভুরুঙ্গামারী থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। উপজেলা.....কমকর্তা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। চেয়ারম্যান.....ইউপি (সকল) ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১২। জনাব.....।
১৩। সভাপতি/সম্পাদক.....(সকল) প্রেসক্লাব, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১৪। নোটিশ বোর্ড ।
১৫। অফিস কপি।

২১/৭/২০২৬

মোঃ শামছুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারী তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদপ্তর

ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬

ফরম-০১ : তথ্য সংগ্রহকারী আবেদনপত্র

Enumerator Application Form

ক) পদ ও এলাকার তথ্য

আবেদনের তারিখ	

শুমারি বিভাগ নং ও নাম	শুমারি জেলার নাম	উপজেলা/শহর/আঞ্চলিক কার্যালয়	গণনা এলাকা (EA) নং

খ) আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

পূর্ণ নাম (বাংলায়)	
পিতার নাম / স্বামীর নাম	
মাতার নাম	

জন্ম তারিখ	NID নম্বর	মোবাইল নম্বর

স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা, জেলা)	
বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা, জেলা)	

লিঙ্গ	ধর্ম
☐ পুরুষ ☐ নারী ☐ তৃতীয় লিঙ্গ	☐ ইসলাম ☐ হিন্দু ☐ খ্রিস্টান ☐ বৌদ্ধ/অন্যান্য

গ) শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা (শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সদন ও পেশাগত আইডি কার্ড বা প্রমাণক যুক্ত করতে হবে)

সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা	পরীক্ষার নাম ও পাসের সাল	শিক্ষা প্রতিষ্ঠানের নাম

বর্তমান পেশা	

পূর্বে কোনো জরিপ/শুমারিতে অংশগ্রহণ করেছেন?

☐ হ্যাঁ ☐ না

হ্যাঁ হলে: শুমারি/জরিপের নাম ও বছর	

ঘ) প্রযুক্তিগত দক্ষতা

স্মার্টফোন/ট্যাবলেট ব্যবহারের অভিজ্ঞতা:

☐ নেই ☐ স্বল্প ☐ মধ্যম ☐ দক্ষ (অ্যাপ ব্যবহারে পারদর্শী)

নিজস্ব স্মার্টফোন আছে?	ইন্টারনেট ব্যবহারে অভিজ্ঞতা?
☐ হ্যাঁ ☐ না	☐ হ্যাঁ ☐ না

ঙ) ভাষাগত দক্ষতা

বাংলা ভাষা দক্ষতা:

☐ নেই ☐ স্বল্প ☐ মধ্যম ☐ দক্ষ (লিখন, পঠন ও বাচন পারদর্শী)

ইংরেজী ভাষা দক্ষতা:

☐ নেই ☐ স্বল্প ☐ মধ্যম ☐ দক্ষ (লিখন, পঠন ও বাচন পারদর্শী)

স্থানীয়/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভাষা দক্ষতা:

☐ চাটগাঁ ☐ সিলেটি ☐ নোয়াখালী ☐ চাকমা ☐ মার্মা ☐ ত্রিপুরা ☐ অন্যান্য ভাষা (নাম লিখুন .....)

☐ নেই ☐ স্বল্প ☐ মধ্যম ☐ দক্ষ (বাচন পারদর্শী)

চ) অঙ্গীকার ও ঘোষণা

আবেদনকারীর ঘোষণা

আমি নিম্নস্বাক্ষরকারী ঘোষণা করছি যে উপরে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। নিয়োগ পেলে আমি সততা, নিরপেক্ষতা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করব। সংগৃহীত তথ্যের সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করব। কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিল ও আইনি ব্যবস্থা গ্রহণে আমার কোনো আপত্তি নেই।

স্বাক্ষর: ..... **তারিখ:** .....

ছ) নিয়োগ কমিটির ব্যবহারের জন্য

ক্রমিক	তারিখ	ব্যবহারিক পরীক্ষার নম্বর (মোট ১০০)	ফলাফল	মন্তব্য

নিয়োগ কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ: .....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদপ্তর

ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬

ফরম-০২ : সুপারভাইজার আবেদনপত্র

Supervisor Application Form

ক) পদ ও এলাকার তথ্য

শুমারি বিভাগ	শুমারি জেলা	উপজেলা/আঞ্চলিক কার্যালয়

সুপারভাইজিং EA নং তালিকা (সর্বোচ্চ ৯টি)	

খ) আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

পূর্ণ নাম (বাংলায়)	
পিতার নাম / স্বামীর নাম	

NID নম্বর	জন্ম তারিখ	মোবাইল নম্বর

স্থায়ী ঠিকানা	

সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ও পাসের সাল	বর্তমান পেশা ও প্রতিষ্ঠান

গ) সুপারভাইজার হিসেবে পূর্ব অভিজ্ঞতা

পূর্বে সুপারভাইজার হিসেবে কাজ করেছেন?

☐ হ্যাঁ ☐ না

শুমারি/জরিপের নাম	বছর	পদ	কার্যকাল (মাস)

ঘ) প্রযুক্তিগত দক্ষতা

ট্যাবলেট/স্মার্টফোন দক্ষতা:

☐ মধ্যম ☐ দক্ষ ☐ অত্যন্ত দক্ষ

ওয়েব অ্যাপ্লিকেশন ব্যবহারে দক্ষতা:

☐ স্বল্প ☐ মধ্যম ☐ দক্ষ

ঙ) নেতৃত্ব দক্ষতার স্ব-মূল্যায়ন (১=দুর্বল, ৫=অত্যন্ত ভালো)

দক্ষতার ক্ষেত্র	স্কোর (১-৫)
দলনেতৃত্ব (Team Leadership)	
মৌখিক যোগাযোগ (Oral Communication)	
সমস্যা সমাধান (Problem Solving)	
সময় ব্যবস্থাপনা (Time Management)	
ডেটার মান নিয়ন্ত্রণ (QC) বিষয়ে ধারণা	

চ) অঙ্গীকার ও ঘোষণা

আবেদনকারীর ঘোষণা

আমি অঙ্গীকার করছি যে উপরের তথ্য সত্য। নিয়োগ পেলে আমি: (১) প্রতিদিন EA পরিদর্শন করব। (২) ন্যূনতম ৫-১০% পরিবার Re-Check করব। (৩) দৈনিক রিপোর্ট জমা দেব। (৪) তথ্যের গোপনীয়তা বজায় রাখব। কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে আইনি ব্যবস্থা মেনে নেব।

স্বাক্ষর: ..... তারিখ: .....

ছ) নিয়োগ কমিটির ব্যবহারের জন্য

পরীক্ষার ধরন	প্রাপ্ত নম্বর	পাসের নম্বর	ফলাফল
ব্যবহারিক পরীক্ষা (ট্যাবলেট+ওয়েব অ্যাপ)		৮০	
মৌখিক পরীক্ষা (নেতৃত্ব/QC)		৭০	
সামগ্রিক			

সভাপতির মন্তব্য ও স্বাক্ষর: ..... তারিখ: .....

অতিজরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.dss.bhurungamari.kurigram.gov.bd

ফ্যামিলি কার্ড সংক্রান্ত সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অত্র উপজেলার ১০ (দশ) টি ইউনিয়নের সকল ওয়ার্ডেই আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত পরিবার জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

০২। ভূরুঙ্গামারী উপজেলায় তথ্য সংগ্রহের জন্য নিয়োজিত Enumerator বা জরিপকারীগণ মাঠপর্যায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড এ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ, যথাসময়ে আপনার গ্রামে/বাড়িতে পৌঁছে সরেজমিন পরিবার জরিপ কার্যক্রম পরিচালনা করবে।

০৩। সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম 'ফ্যামিলি কার্ড' একটি 'বিনামূল্য' সেবা অর্থাৎ নীতিমালা অনুযায়ী উপযুক্ত নারী পরিবার প্রধান কোন ফিস প্রদান ছাড়াই সম্পূর্ণ বিনামূল্যে সেবাটি পাবেন। ফলে কোন সংঘবদ্ধ প্রতারক চক্র বিবিধ আর্থিক প্রলোভন ও ফ্যামিলি কার্ড প্রাপ্তির নিশ্চয়তা প্রদানের মাধ্যমে অনৈতিক লেনদেন বা আর্থিক সুবিধা দাবী করলে সেটি সর্বাংশে মিথ্যা ও প্রতারণা ছাড়া কিছু নয়। ফ্যামিলি কার্ড পেতে নাগরিকদের যেহেতু কোন ফিস প্রয়োজন হয়না সেহেতু উক্ত সেবা প্রাপ্তির লক্ষ্যে এ ধরণের অনৈতিক লেনদেনে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত কিংবা প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৪। এমতাবস্থায়, 'ফ্যামিলি কার্ড' পেতে আগ্রহী নাগরিকবৃন্দকে সর্বপ্রকার প্ররোচনা-প্রলোভনে প্রভাবিত হয়ে অনৈতিক লেনদেন হতে বিরত থাকার আহ্বান জানানো যাচ্ছে, এবং একই সাথে এধরনের সংঘবদ্ধ প্রতারক চক্রকে আইন-প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

২১/৭/২০২৬

মোঃ শামছুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং-৪১.০১.৪৯৬১.০০০.০২.০১৪.২৬-৪৭৬

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫ কুড়িগ্রাম ০১।
২. কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩. পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
৫. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮. সহকারী কমিশনার (ভূমি) ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. অফিসার ইনচার্জ, ভুরুঙ্গামারী থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০. উপজেলা.....কমকর্তা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১. চেয়ারম্যান.....ইউপি (সকল) ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১২. জনাব.....
১৩. সভাপতি/সম্পাদক, ...(সকল) প্রেসক্লাব, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১৪. নোটিশ বোর্ড।
১৫. অফিস কপি।

২১/৭/২০২৬

উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।